গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চুয়াডাঙ্গা
www.unochuadanga.gov.bd

**জানুয়ারি/২০১৮ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মোঃ ওয়াশীমুল বারী
উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর
চুয়াডাঙ্গা।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ
তারিখ : ১৫/০১/২০১৮ খ্রিঃ
সময় : সকাল ১০.০০ ঘটিকা
উপস্থিত : পরিশিষ্ট-ক

সভাপতি কর্তৃক উপস্থিত সম্মানিত উপদেষ্টাবৃন্দ ও সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান হয় এবং কোন আপত্তি না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি গত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলার সকল ইউপি চেয়ারম্যানগণ অদ্যকার সভায় উপস্থিতির জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অফিসার ইনচার্জ, চুয়াডাঙ্গা সদর থানা ডিসেম্বর/২০১৭ মাসের অপরাধ চিত্র সভায় উপস্থাপন করেন এবং উপস্থিত সদস্যগণের সমন্বয়ে বিস্তারিত আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| <u>আলোচ্যসূচি-১: উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং সংঘটিত অপরাধ পর্যালোচনা:</u><br>আলোচনা: অফিসার ইনচার্জ, চুয়াডাঙ্গা সদর থানা কর্তৃক দাখিলকৃত অপরাধচিত্র সভায় পর্যালোচনা করা হয়। অপরাধের তুলনামূলক চিত্রে দেখা যায় যে, ডিসেম্বর/২০১৭ মাসে মোট ৭৭টি মামলা দায়ের হয়েছে। গত নভেম্বর/২০১৭ মাসে মোট মামলা দায়ের হয়েছিল ৭৭টি ।গত মাসের তুলনায় এ মাসে মামলা দায়েরের সংখ্যা সমসংখ্যক । | চুরি-ডাকাতি/ছিনতাই/চাঁদাবাজি রোধসহ উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য উপজেলার বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় ও শহরের গুরুত্বপুর্ণ স্থানে পুলিশী টহল জোরদার করতে হবে। | ১। অফিসার ইনচার্জ, চুয়াডাঙ্গা সদর থানা।<br>২। সকল জনপ্রতিনিধি। |
| <u>আলোচ্যসূচি-২: আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য পরিকল্পনা গ্রহণ ও কার্য সম্পাদন:</u><br>উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। জনাব মোঃ আলী হোসেন, চেয়ারম্যান, বেগমপুর ইউপি বলেন, বর্তমানে উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। তবে মাদকের প্রভাব বেড়েছে যা সমাজ রক্ষার্থে নিয়ন্ত্রণ করা জরুরি। সভায় উপস্থিত অন্যান্য ইউপি চেয়ারম্যান ও কর্মকর্তাগণ উক্ত বক্তব্যকে সমর্থন করে সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে বলে জানান। জনাব মোঃ আব্দুর রহমান, চেয়ারম্যান, শংকরচন্দ্র ইউপি সভাপতির এক প্রশ্নের উত্তরে জানান, সহরওয়ার্দী বিদ্যাপিঠে প্রাইভেট পড়ানোর নামে যে নেশা করা হয় মর্মে অভিযোগ উঠেছে তা তিনি প্রতিরোধের পদক্ষেপ নেবেন মর্মে জানান সেই সাথে মাদকদ্রব্য বিভাগের সগযোগিতা কামনা করেন। | ১। কোন অপরাধের সূত্রপাত দেখা দিলে তাৎক্ষণিকভাবে আইন-শৃঙ্খলা বাহিনীকে অবহিত করতে হবে। সহরওয়ার্দী বিদ্যাপিঠে প্রাইভেট পড়ানোর নামে নেশাখোরদের আড্ডা প্রতিরোধ করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও মাদকদ্রব্য বিভাগ পদক্ষেপ নেবেন।<br><br>২। অপরাধ দমনে পুলিশী তৎপরতা জোরদার করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর।<br>২। অফিসার ইনচার্জ, চুয়াডাঙ্গা সদর থানা।<br>৩। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা।<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল)। |

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-৩: অপরাধী ও সমাজবিরোধী ব্যক্তিদের অপরাধমূলক কার্যকলাপ ফলপ্রসূভাবে প্রতিরোধকল্পে যথোপযুক্ত পন্থা নির্ধারণ:<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ এবং বাল্য বিবাহসহ অপরাধী ও সমাজবিরোধী ব্যক্তিদের অপরাধমূলক কার্যকলাপ ফলপ্রসূভাবে প্রতিরোধকল্পে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি বলেন, মাদক বর্তমানে সামাজিক ব্যধিতে পরিণত হয়েছে এতে আসক্ত হয়ে যুবসমাজ ধংসের দিকে এগিয়ে যাচ্ছে যা প্রতিরোধে জনসচেতনা বৃদ্ধ করা জরুরি। বাল্য বিয়ে গোপনে পড়ানো হচ্ছে বলে লক্ষ্য করা যাচ্ছে তাই সকলকে তথ্য দিয়ে সহযোগিতা করার পরামর্শ দেন। | ১। মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে নিয়মিত মাদক বিরোধী অভিযান অব্যাহত রাখর জন্য সহকারী পরিচালক মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চুয়াডাঙ্গাকে অনুরোধ করা হয়।<br>২। বাল্য বিবাহ প্রতিরোধে সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। এ উপজেলার সকল ইমাম ও কাজীগণকে সতর্কতামূলক নোটিশ দেয়ার সিদ্ধান্ত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর।<br>২। অফিসার ইনচার্জ, চুয়াডাঙ্গা সদর থানা।<br>৩। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা।<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল)। |
| আলোচ্যসূচি-৪: খুন, ধর্ষণ, ছিনতাই, অপহরণ, এসিড নিক্ষেপ, মেয়েদের উত্যক্তকরণ, নারী ও শিশু পাচার ইত্যাদি জঘন্য প্রকৃতির অপরাধসমূহ নিয়ন্ত্রণকল্পে কার্যকর পদক্ষেপ গ্রহণ :<br>খুন, ধর্ষণ, ছিনতাই, অপহরণ, এসিড নিক্ষেপ, মেয়েদের উত্যক্তকরণ, নারী ও শিশু পাচার ইত্যাদি জঘন্য প্রকৃতির অপরাধসমূহ নিয়ন্ত্রণে বিস্তারিত আলোচনা হয়।। জনাব মোঃ ইসলাম উদ্দিন, চেয়ারম্যান, আলুকদিয়া ইউপি বলেন, রাস্তার পাশের ঝোপঝাড় পরিস্কার কার্যক্রম অব্যাহত আছে । উপজেলার সকল রাস্তার পাশের ঝোপঝাড় পরিস্কার করলে চুরি ছিনতাই অনেকাংশে হ্রাস পাবে বলে উল্লেখ করেন। এ বিষয়ে সভাপতি বলেন, পুলিশী তৎরতা অব্যাহত রাখতে হবে এবং কোন ঘটনার সুত্রপাত দেখা দিলে উপজেলা প্রশাসন ও পুলিশ বিভাগকে অবহিত করতে হবে। সেই সাথে অভিভাবকদের সতর্কতা অবলম্বনের পরামর্শ দেন। | ১। খুন, ধর্ষণ, অপহরণ, এসিড নিক্ষেপ, নারী ও শিশু পাচার ইত্যাদি জঘন্য প্রকৃতির অপরাধসমূহ নিয়ন্ত্রণে পুলিশী তৎপরতা বৃদ্ধি করতে হবে এবং চুরি ছিনতাই রোধে পুলিশি টহলের পাশাপাশি গ্রাম পুলিশকে কাজে লাগাতে হবে।<br>২। যৌনহয়রানি প্রতিরোধে বিদ্যালয়ের প্রবেশ গেটে সিসি ক্যামেরা স্থাপন করতে হবে। | ১। উপজেলা শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা সদর।<br>২। অফিসার ইনচার্জ, চুয়াডাঙ্গা সদর থানা।<br>৩। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা।<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল)। |
| আলোচ্যসূচি-৫: অপরাধ ও অপরাধীদের নিয়ন্ত্রণে রাখার জন্য জনগণকে উদ্বুদ্ধ করা এবং অপরাধ প্রতিরোধকল্পে সামাজিক সচেতনতা সৃষ্টি :<br><br>অপরাধ ও অপরাধীদের নিয়ন্ত্রণে রাখার জন্য জনগণকে উদ্বুদ্ধ করা এবং অপরাধ প্রতিরোধকল্পে সামাজিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে উপস্থিত উপদেষ্টাবৃন্দ ও সকল সদস্য সমন্বয়ে বিস্তারিত আলোচনা করা হয়। জুম্মার দিন মসজিদের ইমামগণ মুসল্লিদের উদ্দেশ্যে বাল্য বিবাহের কুফল সম্পর্কে বক্তব্য দিবেন এবং শিক্ষক মন্ডলী প্রতিটি ক্লাস শেষে শিক্ষার্থীদের সামাজিক অবক্ষয় সম্পর্কে সচেতনতামূলক পাঠদান করবেন। অপরাধ ও অপরাধীদের নিয়ন্ত্রণে জনাব মোঃ ইসলাম উদ্দিন, চেয়ারম্যান, আলুকদিয়া ইউপি তার এলাকায় একটি পুলিশ ক্যাম্প স্থাপনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। | পুলিশের তৎপরতা এবং অভিভাবকদের সতর্কতা অবলম্বনসহ মাদক নিয়ন্ত্রণ/ইভটিজিংসহ (যৌন হয়রানি) সবধরণের অপরাধ প্রতিরোধে কার্যকরী পদক্ষেপ নিতে হবে। সভা সমাবেশে জনগণকে সচেতন করতে হবে। কোথাও ইভটিজিং(যৌন হয়রানী) এর অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটলে তাৎক্ষণিক অবহিত করতে হবে। | ১।উপজেলা শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা সদর।<br>২। অফিসার ইনচার্জ, চুয়াডাঙ্গা সদর থানা।<br>৩। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা।<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল)। |

<table>
<tr>
<td>আলোচ্যসূচি-৬: <u>মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত:</u><br>সভায় মোবাইল কোর্ট পরিচালনা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় জানানো হয় ডিসেম্বর/২০১৭ মাসে উপজেলা নির্বাহী অফিসার ও বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, চুয়াডাঙ্গা সদর কর্তৃক ০৬টি অভিযান পরিচালনা করা হয়েছে, ১৩টি মামলা হয়েছে ও ১২ জনকে ১,২৩,৯০০/- টাকা অর্থদন্ড প্রদান করা হয়েছে এবং ০১টি মামলায় ০১ জনকে ০১ মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়েছে।</td>
<td>১। কোন অপরাধমূলক কর্মকান্ড পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও পুলিশ বাহিনীকে অবহিত করতে হবে। মাদক দ্রব্য নিয়ন্ত্রণে তৎপরতা জোরদার করতে হবে।<br><br>২। এ উপজেলার মোবাইল কোর্টের আওতায় যেকোন অপরাধ প্রবণতা প্রতিরোধের লক্ষ্যে ২৪ ঘন্টা মোবাইল কোর্ট প্রস্তুত থাকবে। সংশ্লিষ্ট বিভাগকে মোবাইল কোর্টের সাহায্যে অভিযান পরিচালনা করার জন্য বলা হলো।</td>
<td>১। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, চুয়াডাঙ্গা সদর<br>২। অফিসার ইনচার্জ, চুয়াডাঙ্গা সদর থানা।<br>৩। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা।<br>৪। ইউপি চেয়ারম্যানসহ সকল সদস্য।</td>
</tr>
<tr>
<td>আলোচ্যসূচি-৭: ইউনিয়ন পর্যায়ে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা কমিটির সভা :<br><br>এ উপজেলার ইউনিয়ন পর্যায়ে ডিসেম্বর/২০১৭ মাসে আইন-শৃঙ্খলা কমিটির সভানুষ্ঠানের চিত্র নিম্নরূপ:
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>ইউনিয়নের নাম</th><th>সভানুষ্ঠানের তারিখ</th></tr>
<tr><td>১।</td><td>আলুকদিয়া</td><td>২৯/১২/২০১৭</td></tr>
<tr><td>২।</td><td>মোমিনপুর</td><td>২৩/১২/২০১৭</td></tr>
<tr><td>৩।</td><td>কুতুবপুর</td><td>২৮/১২/২০১৭</td></tr>
<tr><td>৪।</td><td>শংকরচন্দ্র</td><td>০৮/১২/২০১৭</td></tr>
<tr><td>৫।</td><td>বেগমপুর</td><td>২৮/১২/২০১৭</td></tr>
<tr><td>৬।</td><td>তিতুদহ</td><td>০৯/১২/২০১৭</td></tr>
<tr><td>৭।</td><td>পদ্মবিলা</td><td>০৮/১২/২০১৭</td></tr>
</table>
সভানুষ্ঠানের চিত্র মোতাবেক ডিসেম্বর/২০১৭ মাসে সকল ইউপিতে সভা অনুষ্ঠিত হয়েছে।</td>
<td>ইউপি সমূহে আইন-শৃঙ্খলা কমিটির নিয়মিত সভা অনুষ্ঠান নিশ্চিত করতে হবে এবং ইউপিতে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।</td>
<td>ইউপি চেয়ারম্যান (সকল)।</td>
</tr>
<tr>
<td>আলোচ্যসূচি-৮: <u>জঙ্গী তৎপরতা সংক্রান্ত:</u><br>সভাপতি উপস্থিত সকলের উদ্দেশ্যে জানান, উপজেলার কোথাও জঙ্গী তৎপরতার খবর পাওয়া গেলে পুলিশ বিভাগকে অবহিত করতে হবে। এ বিষয়ে উপস্থিত সকলকে সজাগ ও সতর্ক থাকার পরামর্শ দেন।</td>
<td>কোন জঙ্গী তৎপরতা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।</td>
<td>সংশ্লিস্ট সকল।</td>
</tr>
</table>

**৯। বিবিধ আলোচনা:**

১। জনাব মোঃ আসলাম হোসেন, সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা বলেন, গত মাসে মাদকের অভিযানে ৩৪টি মামলা দায়ের করা হয়েছে সেই সাথে মাদক প্রতিরোধে অভিযান অব্যাহত আছে। তিনি আরো জানান, সিংহভাগ অপরাধের সূত্রপাত মাদক থেকে হয় বিধায় এ বিষয়ে তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ করেন। কদ্রব্য

২। জনাব মোঃ শাহজাহান আলী, অধ্যক্ষ, চুয়াডাঙ্গা পৌর ডিগ্রী কলেজ, চুয়াডাঙ্গা বলেন, সমাজে মাদকের তৎপরতা বৃদ্ধি পেয়েছে বিশেষ করে শহরের রেল লাইন এলাকায় এর প্রভাব বেশি তাই প্রতিরোধে সম্মিলিতভাবে উদ্যোগ গ্রহণ করা জরুরি বলে মতামত ব্যক্ত করেন।তিনি যুব সমাজকে সচেতন করার পদক্ষেপ নিতে হবে বলেও উল্লেখ করেন।

৩। জনাব মোঃ আজিজুল হক হযরত, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর বলেন, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার গুরুত্ব অপরিহার্য। উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আলোচনা ও সমাধানের পরামর্শ প্রদান করা হয় তিনি গত সভার সিদ্ধান্ত মোতাবেক অদ্যকার সভায় থানার অফিসার ইনচার্জ ও ইউপি চেয়ারম্যানগণ উপস্থিত থাকায় ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরো জানান, মাদক যুব সমাজকে ধংসের দিকে ঠেলে দিচ্ছে বিধায় উপজেলাধীন আশ্রয়ণ কেন্দ্রসহ চিহ্নিত স্থানসমূহে মাদকের অপব্যবহার রোধে সংশ্লিষ্ট সংস্থার তৎপরতা বাড়াতে হবে। অপরদিকে প্রতিনিয়ত বাল্য বিবাহ অনুষ্ঠিত হচ্ছে যা প্রতিরোধ করা জরুরি মর্মে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।

সভাপতি বলেন উপস্থিত সদস্যদের বক্তব্য থেকে প্রতীয়মান হয় উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি উপজেলার আইন-শৃঙ্খলার এ অবস্থা ধরে রাখতে এবং চাঁদাবাজিসহ যে কোন ধরণের অপরাধ প্রতিরোধে সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন বলে উল্লেখ করে তিনি বাল্য বিবাহ রোধে সকলকে তথ্য দিয়ে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। এ উপজেলায় জঙ্গী তৎপরতা পরিলক্ষিত না হলেও সকলকে সজাগ থাকতে হবে। তিনি সন্তানদের প্রতি নজর রাখার জন্য পরামর্শ দেন। তিনি স্ব স্ব অবস্থানে থেকে দায়িত্ব পালন করাসহ উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এ সভায় সকলের উপস্থিতি ও সহযোগিতা কামনা করেন এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, চুয়াডাঙ্গা সদর থানাসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

উপরিউক্ত আলোচনার ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

| | | |
|---|---|---|
| আলোচ্যসূচি-৯: বিবিধ সিদ্ধান্ত ও বাস্তবায়ন সংক্রান্ত: | ক) আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় পুলিশী তৎপরতা বাড়াতে হবে।<br><br>খ) বাল্যবিবাহের কুফল সম্পর্কে সচেতনতা বৃদ্ধিসহ বাল্যবিবাহ রোধে তথ্য দিয়ে সার্বিক সহযোগিতা করতে হবে।<br><br>গ) মাদক প্রতিরোধে আইনানুগ পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং মাদকদ্রব্য বিভাগের তৎপরতা বৃদ্ধি করতে হবে। | ১।এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, চুয়াডাঙ্গা সদর<br>২। অফিসার ইনচার্জ, চুয়াডাঙ্গা সদর থানা।<br>৩। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা।<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল)। |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ ওয়াশীমুল বারী )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন শৃঙ্খলা
কমিটি,চুয়াডাঙ্গা সদর।
unochuadanga@mop.gov.bd

স্মারক নং-০৫.৪৪.১৮২৩.০০০.০৬.০০২.২০১৭. (৫০) তারিখঃ /০২/২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১/২।
২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
৪। পুলিশ সুপার, চুয়াডাঙ্গা।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৬। ..............................................................

( মোঃ ওয়াশীমুল বারী )
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন শৃঙ্খলা
কমিটি,চুয়াডাঙ্গা সদর।
unochuadanga@mop.gov.bd